“শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি”

# শ্যামনগর উপজেলা পরিষদের ১১তম মাসিক সভার কার্যবিবরণী ফেব্রুয়ারী’২০২০

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান

উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ২৭.০২.২০২০ খ্রিঃ, সকাল- ১০.৩০ মিনিট।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-‘‘ক” দ্রষ্টব্যঃ

| ক্রঃ নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী দৃঢ়করন | সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে মহান স্বাধীনতা দিবসের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন। | সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | নতুন আইন, বিধি, পরিপত্র, নির্দেশিকা সংক্রান্ত | উপজেলা নির্বার্হী অফিসার সভায় জানান যে,<br>১. স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ২৯ জানুয়ারী ২০২০ খ্রিঃ তারিখের ১৬৬ নং পত্রে উপজেলা পরিষদ-এর অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী হিসেবে উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা পরিষদ সংক্রান্ত যাবতীয় পত্রালাপ করার জন্য অফিস আদেশ জারি করা হয়েছে।<br>২. স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ০২ ফেব্রুয়ারী ২০২০ খ্রিঃ তারিখের ১৭৬ নং পত্রে উপজেলা পরিষদের অভ্যন্তরে সুবিধাজনক স্থানে “বঙ্গবন্ধু শেখ মুজিব” ম্যুরাল নির্মানের জন্য ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা করার জন্য সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নব নির্মিত উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সামনে “বঙ্গবন্ধু শেখ মুজিব” ম্যুরাল নির্মানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**বাস্তবায়নে** : এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | | উপজেলা প্রকৌশলী |
| ৩. | মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, আগামী ১৭ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকি। মুজিববর্ষে উপজেলা পরিষদের অর্থায়নে শ্যামনগর উপজেলার প্রবেশদ্বারে একটি, উপজেলার বাস টার্মিনালে একটি এবং শহীদ মুক্তিযোদ্ধা সড়কে একটি বঙ্গবন্ধু গেট নির্মানের জন্য **সাতক্ষীরা-০৪ আসনের মাননীয় সংসদ সদস্য প্রস্তাব** করেন। এছাড়া মুজিববর্ষে শ্যামনগর উপজেলার প্রধান প্রধান সড়কে সৌন্দর্যবর্ধনের কাজ করার জন্য জাতীয় সংসদ সদস্য মহোদয় উপদেশ প্রদান করেছেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য তিনি উপস্থিত সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশ অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকি উপলক্ষে মুজিববর্ষে উপজেলা পরিষদের অর্থায়নে শ্যামনগর উপজেলার প্রবেশদ্বারে একটি, উপজেলার বাস টার্মিনালে একটি এবং শহীদ মুক্তিযোদ্ধা সড়কে একটি বঙ্গবন্ধু গেট নির্মান এবং উপজেলার প্রধান প্রধান সড়কে সৌন্দর্য বর্ধনে কাজ করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে বর্নিত প্রকল্পটি গ্রহনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। প্রকল্পটি পিআইসির মাধ্যমে বাস্তবায়ন হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | | সংশিষ্ট দপ্তর প্রধান। |
| ৪. | আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন) | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার গত ১৮ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের ১০.০৭.০০০০.০০২.০৬.০১৭.২০১১-৩৯০ নং পত্রে তৃনমূল পর্যায়ে সরকারি আইনি সেবা প্রদান নিশ্চিত করার উদ্দেশ্যে উপজেলা লিগ্যাল এইড কমিটি সক্রিয়করণের জন্য নির্দেশনা পাওয়া গেছে। উপজেলা পরিষদের লিগ্যাল এইড কমিটির আয়োজনে বিনামূল্যে আইনী সহায়তা প্রদানের লক্ষ্যে শ্যামনগর উপজেলা পরিষদ চত্ত্বরে একটি সেমিনার/কর্মশালা আয়োজনের জন্য নির্দেশনা পাওয়া গেছে। বর্নিত সেমিনার/কর্মশালা বিভিন্ন লিফলেট, পোষ্টার ছাপানোসহ ১২টি ইউনিয়নের প্রায় ২৫০০জন সাধারণ মানুষের নাস্তা সরবরাহ এবং সমগ্র অনুষ্ঠান আয়োজনের জন্য প্রায় ভ্যাট ও ট্যাক্সসহ মোট ১,১৫,০০০/- (এক লক্ষ পনের হাজার) টাকা ব্যয় হতে পারে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বর্নিত ব্যয় করার জন্য তিনি সকলের দৃষ্টি আর্কষন করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে **মুজিববর্ষে** সাধারণ মানুষকে বিনামূল্যে আইনী সহায়তা প্রদানের জন্য সরকারী নির্দেশনা মোতাবেক শ্যামনগর উপজেলা লিগ্যাল এইড কমিটির উদ্যেগে একটি সেমিনার/কর্মশালা আয়োজনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং বর্নিত সেমিনার/কর্মশালা আয়োজনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভ্যাট ও ট্যাক্সসহ মোট ১,১৫,০০০/- (এক লক্ষ পনের হাজার) টাকা ব্যয় করার জন্য সর্ব্বসম্মতিক্রমে অনুমোদন গৃহিত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, ফেব্রুয়ারী মাস ভাষার মাস। ২১ ফেব্রুয়ারী আন্তর্জার্তিক মাতৃভাষা দিবস। শ্যামনগর উপজেলায় মুজিববর্ষে ভাষার মাসকে স্মরনীয় করে রাখতে প্রথমবারের মতো শ্যামনগর উপজেলা পরিষদ চত্ত্বরে ৫ দিন ব্যাপি অমর একুশে বইমেলার আয়োজন করা হয়। ৫দিন ব্যাপি এ বই মেলায় শ্যামনগর সকল পেশাজীবি মানুষ | | উপজেলা নির্বাহী অফিসার |

উৎফুল্লভাবে অংশগ্রহন করেছেন। যেহেতু বইমেলা আয়োজনের জন্য সরকারীভাবে কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। এজন্য ৫দিন ব্যাপি এ বইমেলা আয়োজনে মোট ২,২৫,০০০/- (দুই লক্ষ পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য উপস্থিত সকলের দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে **মুজিববর্ষে** ৫দিন ব্যাপি অমর একুশে বইমেলা আয়োজনের ২,২৫,০০০/- (দুই লক্ষ পচিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভা বলেন যে, শ্যামনগর উপজেলা পরিষদের জীপ গাড়ী **সাতক্ষীরা ঘ ১১০০২৯** এর ২০১১ সাল হতে ২০১৯ সাল পর্যন্ত ট্যাক্স ফি বাবদ ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা বকেয়া আছে। সভায় অনুমোদন গৃহিত হলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের জীপ গাড়ীর ২০১১ সাল হতে ২০১৯ সাল পর্যন্ত বকেয়া ট্যাক্স ফি বাবদ ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা যেতে পারে। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে শ্যামনগর উপজেলা পরিষদের জীপ গাড়ী **সাতক্ষীরা ঘ ১১০০২৯** এর ২০১১ সাল হতে ২০১৯ সাল পর্যন্ত ট্যাক্স ফি বাবদ ৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, স্থানীয় সরকার বিভাগের গত ২৮ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০. ০৪৬. ২৬.১৭৭.১৯-৯২৬ নং পত্রে উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা সিসি করনের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। যার প্রাক্কলিত মূল্য ছিল ১৮,৩২,০৪৯/- টাকা।

উপজেলা প্রকৌশলী সভায় আরও বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ অধিশাখার গত ০২ ফেব্রুয়ারী ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৬.১০.১৯-**১৭৬** নং পত্রে উপজেলা পরিষদ অভ্যন্তরে সুবিধাজনক স্থানে **"বঙ্গবন্ধু মুর্যাল"** নির্মানের জন্য নির্দেশনা পাওয়া গেছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক **"বঙ্গবন্ধু মুর্যাল"** নির্মানের জন্য ৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রেরণ করেছেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে **"বঙ্গবন্ধু মুর্যাল"** নির্মানের ব্যয় নির্বাহের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

আগামী ১৭ মার্চ ২০২০ **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকি উপলক্ষ্যে** উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা সিসি করন এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মুর্যাল নির্মানসহ কাজ দুটি দ্রুত বাস্তবায়নের স্বার্থে উপজেলা পরিষদ কর্তৃক RFQ পদ্ধতিতে দরপত্র আহবানের জন্য মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকি উপলক্ষ্যে** উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তা সিসি করন এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মুর্যাল নির্মানসহ কাজ দুটি প্রাক্কলন মোতাবেক দ্রুত বাস্তবায়নের স্বার্থে উপজেলা পরিষদ কর্তৃক RFQ পদ্ধতিতে দরপত্র আহবানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

---

**৫.** ২০১৯-২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)

উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, কাশিমাড়ী ইউনিয়নে একটি প্রকল্পের সংশোধানের জন্য প্রস্তাব পাওয়া গেছে।

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও বরাদ্দ | সংশোধিত প্রকল্পের নাম ও বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | (ক) কাশিমাড়ী ইউনিয়নে কাশিমাড়ী ০৬ নং ও কাশিমাড়ী ১২৬ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু পার্কে খেলার সামগ্রী বিতরণ। (খ) কাশিমাড়ী ইউনিয়নে কাশিমাড়ী শিশু পার্কের নদীর ধারে সিড়ি নির্মাণ- ২.০০ লক্ষ টাকা। | কাশিমাড়ী ইউনিয়নে কাশিমাড়ী শিশু পার্কের নদীর ধারে সিড়ি নির্মাণ- ২.০০ লক্ষ টাকা। | পিআইসি |

উপজেলা প্রকৌশলী আরও বলেন যে, পূর্বে গ্রহন করা প্রকল্পে বরাদ্দ অনুযায়ী প্রাক্কলন অনুযায়ী কাজ করা সম্ভব না। এজন্য প্রকল্পটি সংশোধন করা প্রয়োজন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপরে বর্নিত ছক মোতাবেক প্রকল্পটি সংশোধনের জন্য সভায় সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে** : উপজেলা প্রকৌশলী, শ্যামনগর।

---

**৬.** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (৩য় পর্যায়ে) সক্ষমতাবৃদ্ধি উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ইতোমধ্যে ৬টি উপ-প্রকল্পের অনুমোদন গৃহিত হয়েছে। বিধি মোতাবেক সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট কর্মকর্তা

---

**৭.** উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ নির্মানের জন্য গাছ কর্তন এবং মসজিদ নিলাম সংক্রান্ত

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগ হতে শ্যামনগর উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ নির্মানের জন্য গাছ কর্তনের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। এখন বিদ্যমান মসজিদটি অপসারণ এবং গাছ কর্তনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা প্রয়োজন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিদ্যমান মসজিদটি অপসারনের জন্য নিমোক্ত কমিটি গঠন করা হয়-

১. উপুজেলা প্রকৌশলী, শ্যামনগর- আহবায়ক।
২. ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, শ্যামনগর।
৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্যামনগর।
৪. চেয়ারম্যান, পদ্মপুকুর ইউনিয়ন পরিষদ, শ্যামনগর।
৫. জনাব মোঃ আব্দুল খালেক, ইমাম, শ্যামনগর উপজেলা পরিষদ জামে মসজিদ।

কমিটিকে বিধি মোতাবেক বিদ্যমান উপজেলা পরিষদ জামে মসজিদ অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয় এবং কাজ কর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | একটি বাড়ী একটি খামার | সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার বলেন যে, শ্যামনগর উপজেলায় একটি বাড়ী একটি খামারে মোট সমিতির সংখ্যা ২০০টি, সদস্য ৯৮৬১ জন। মোট সঞ্চয় ৩২,৬৫৮,৬৩৩/- টাকা, মোট ঋন প্রদান ৯৯,২৪৬,০০০/- টাকা, আদায় ৩৮,১২৬,৭৮০/- টাকা। সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ঋন আদায়ে তৎপর হতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৯. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১০. | | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, শ্যামনগর উপজেলায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান আছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে সকল কাজ বাস্তবায়নে একান্ত সহযোগিতা করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। | কাজের গতি আরও বেগবান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, ঘূর্নিঝড় বুলবুলে শ্যামনগর উপজেলায় প্রচুর গাছপালার ক্ষয়ক্ষতি হয়েছে। যে গাছগুলি ক্ষতিগ্রস্থ হয়েছে বিধি মোতাবেক কর্তনের জন্য সভায় মতামত প্রদান করেন। | উপজেলা সামাজিক বন বিভাগের কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন **"নিরাপদ মৎস্য গড়বো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ"** এই প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় মৎস্য সপ্তাহ পালন করার উদ্যেগ গ্রহন করা হয়েছে। তিনি আরও বলেন যে, শ্যামনগরে বিভিন্ন মাছের আড়ৎগুলিতে অপরিচ্ছন্নভাবে মাছ সংরক্ষণ করা হচ্ছে। **চেয়ারম্যান, উপজেলা পরিষদ** বলেন মৎস্য আড়ৎ ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। | উপজেলা মৎস্য আড়ৎ ব্যবসায়ীদের সাথে সভা আহবান করে এবিষয়ে যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ১১. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, চীনে উহার প্রদেশে করোনা নামক নতুন একটি ভাইরাস মহামারি আকার ধারন করেছে। সকলকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা হতে সকল নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ করেন। | করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতনতা করতে সকল দপ্তর এবং ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রগুলিতে জনবল সংকট থাকায় অনেক ইউনিয়নে সঠিকভাবে স্বাস্থ্যসেবা প্রদান করা সম্ভব হচ্ছেনা। যে সকল ইউনিয়নে দুইজন করে স্বাস্থ্যকর্মী আছে সেখান থেকে সমন্বয় করে পদ্মপুকুর এবং গাবুরা ইউনিয়নে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলিতে স্বাস্থ্যসেবা কার্যক্রম চলমান রাখা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ইতোমধ্যে টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের কাজ শুরু হয়েছে। আগামী ১০ মার্চ ২০২০ খ্রিঃ তারিখ জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস পালন করে হবে মর্মে তিনি সভাকে জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, প্রতিটি বিদ্যালয়ে মুজিব কর্ণার স্থাপনের জন্য ইতোমধ্যে উপজেলার সকল প্রধান শিক্ষকদের অবহিত করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, সমাজসেবা অফিস সংলগ্ন প্রবেশদ্বারে রাস্তার পাশে পানি জমে নোংরা পরিবেশ সৃষ্টি হচ্ছে এবং পাশ্ববর্তী খোলা জায়গায় মাটি/বালু ভরাট করে একটি মোটর সাইকেল গ্যারেজ র্নিানের প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাতৃভাতা ভোগীর নামের তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | দ্রুত তালিকা জমা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বন বিভাগ কর্মকর্তা বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাস্তা এবং অন্যান্য স্থানে বৃক্ষরোপন করা হয়েছে। কিন্তু সঠিক পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের অভাবে অনেক গাছ মারা যাচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে রোপিত চারার পরিচর্যা এবং তদারকি করার জন্য অনুরোধ করেন। | রোপিত চারার পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যে, শ্যামনগর উপজেলার যে সকল ইউনিয়নে পানি উন্নয়ন বোর্ডের ঝুকিপূর্ন্ন রাস্তা আছে, সেগুলি চিহ্নিত পূর্বক জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এছাড়া অধিক অধিক ঝুকিপূর্ন স্থানে খুব তাড়াতাড়ি কাজ শুরু হবে মর্মে তিনি সভাকে জানান। | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন- | | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| সমিতি/দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২৩৬ | ৫৪৭৬ | ২১৬৯ | ১৫৬০.৪০ | ২৮১.৮৭ | ১৮% | ৩.৭৫ | ৪৪৬ | ২৭৬ | ১০ | - |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, আগামী ১৭ মার্চ ২০২০ খ্রিঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকি। দিবসটি সামনে রেখে বাংলাদেশ সরকার বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করেছেন। সরকারের নির্দেশনা মোতাবেক শ্যামনগর উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসন সকল অনুষ্ঠানমালা বাস্তাবায়ন করবে। ইতোমধ্যে শ্যামনগর উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মূর‌্যাল নির্মানের কাজ শুরু হয়েছে এবং উপজেলার প্রধান প্রধান সড়কে সৌন্দর্যবর্ধনের কাজ চলমান রয়েছে। মুজিববর্ষকে স্মরনীয় করে রাখতে সরকারী নির্দেশনা মোতাবেক সকল অনুষ্ঠান সুষ্ঠ আয়োজনের জন্য সকলের সহায়তা কামনা করেন।

**সিদ্ধান্ত ঃ** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকি পালনের জন্য সরকারী সকল নির্দেশনা অনুযায়ী সকল অনুষ্ঠান পালনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয় এবং স্ব-স্ব দপ্তর এবং প্রতিষ্ঠানকে সরকার নির্দেশিত সকল অনুষ্ঠান পালনের জন্য স্ব-স্ব দপ্তরকে অনুরোধ করা হয়।

০২। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,

১. মুজিববর্ষে শ্যামনগর উপজেলাকে ভিক্ষুকমুক্ত এবং ভিক্ষুকদের পুনঃবাসন করতে মাননীয় জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের নির্দেশনা মোতাবেক সমাজসেবা দপ্তরসহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরকে একটি কর্ম পরিকল্পনা জমা প্রদানের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।

২. মুজিববর্ষে গাবুরা ইউনিয়নে ২০-২৫ হাজার গাছের চারা রোপনের পরিকল্পনা গ্রহনের জন্য গাবুরা চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষন করেন। তিনি বলেন যে, আইলা এবং সিডরের সময় গাবুরা ইউনিয়নে প্রচুর পরিমান গাছের ক্ষতি হয়েছে, মুজিববর্ষে গাছের চারা রোপনের মাধ্যমে আইলা এবং সিডরের ক্ষতি কাটিয়ে উঠার চেষ্টা করা যেতে পারে।

৩. শ্যামনগর উপজেলা পরিষদ সদরে বজ্য অপসারনের জন্য একটি চুল্লি নির্মানের প্রস্তাব করেন। বজ্য অপসারনের জন্য খাস সম্পত্তি খুজে বের করার জন্য সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগরকে অনুরোধ করেন।

৪. সরকারী খাল উন্মুক্ত করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন।

০৩। সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগর সভায় বলেন যে, অদ্য মাসিক সভায় অনেক ইউপি চেয়ারম্যান জনগনের স্বার্থে অনেক খাল ইজারা বাতিলের জন্য সুপারিশ করেছেন। কিন্তু পূর্বে দেখা গেছে যে সকল খাল ইজারা প্রদান করা হয়নি, সে সমস্ত খাল কোন না কোন ভাবে অবৈধভাবে দখল হয়ে গেছে।

০৪। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে,

১. নদীর চর অবৈধভাবে দখলকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন পূর্বক প্রকৃত ভূমিহীনদের মাঝে জমি বন্দোবস্ত করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

২. ১% এবং হাটবাজারের টাকা বিধি মোতাবেক স্ব-স্ব ইউনিয়নে বিভাজনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

৩. পোড়াকাটলা - গোপীনাথ মোড়ের ব্রীজটি দ্রুত শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষন করেন।

**সিদ্ধান্ত ঃ** বর্নিত আলোচনার আলোকে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

০৫। চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি সভায় বলেন যে, ঈশ্বরীপুর ইউনিয়নে নেবুখালী, শীলতলা খাল জনগনের স্বার্থে ইজারা বাতিল করা প্রয়োজন। বর্নিত খাল দুটির ইজারা বাতিল করা হলে সাধারণ জনগণ কৃষি কাজে উপকৃত হতে পারবে মর্মে তিনি সভাকে জানান।

০৬। চেয়ারম্যান, কৈখালী ইউপি সভায় বলেন যে, কৈখালী ইউনিয়নে লেবুখালী এবং হাতকাটা খাল জনগনের স্বার্থে ইজারা বাতিল করা প্রয়োজন। বর্নিত খাল দুটির ইজারা বাতিল করা হলে সাধারণ জনগণ কৃষি কাজে উপকৃত হতে পারবে মর্মে তিনি সভাকে জানান।

০৭। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০২০খ্রিঃ'র জানুয়ারী মাস ১৪ দিন এবং উপজেলা ভাইস চেয়ারম্যান ১১দিন এবং মহিলা ভাইস ১১ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০২০খ্রিঃ'র ফেব্রুয়ারী মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০২০খ্রিঃ'র ফেব্রুয়ারী মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা , ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২২ দিনের ৫০০ টাকা হারে ১১০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে মুজিববর্ষ এবং মহান স্বাধীনতা দিবসের অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ০৫.০৩.২০২০ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ......................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,.............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব .....................................................................................

১০। অফিস কপি।

(আ. ন. ম. আবুজর গিফারী)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com